তারিখ ... 16 FEB 1990

পৃষ্ঠা ... 8 ... কলাম ... 2 ...

দৈনিক সংবাদ

12

# আরেকটি তথ্য বহুল চিঠি উদ্ধার

কুমিল্লা, ১৫ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতার ফোন) :- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) পরীক্ষার খাতা জালিয়াতির ব্যাপারে পুলিশ তাজুল ইসলামের বাড়ীতে তল্লাশি চালিয়ে আরো একটি তথ্যবহুল চিঠি উদ্ধার করেছে। পুলিশ জানিয়েছে, এ চিঠির লেখক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জনৈক কর্মকর্তা। তাঁর নাম মহীউদ্দিন।

এদিকে খাতা জালিয়াতি মামলার তদন্তকারী অফিসার পরিবর্তন করে তদন্তের দায়িত্ব উর্ধ্বতন সহকারী পুলিশ সুপার (হেড কোয়ার্টার) আবু বকর

(৭-এর পাতায় দেখুন)

## চিঠি উদ্ধার

(১ম পাতার পর)

সিদ্দিককে দেয়া হয়েছে। এর আগে এই মামলার তদন্তকারী অফিসার ছিলেন কোতোয়ালী থানার দারোগা জীবন কৃষ্ণ দে।

দু দিনের রিমাণ্ডশেষে মোবারক হোসেন ও তাজুল ইসলামকে গতকাল কোর্টে হাজির করা হয়। কোর্ট তাদের জামিনের আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেয়।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জি. এম. এ সত্তিক খান গতকাল কুমিল্লা এসেছেন এবং জালিয়াতি মামলা সম্পর্কে জেলা প্রশাসক ও পুলিশের কর্মকর্তাদের সাথে আলাপ করেছেন।